

তারিখ: ২২.০৩.২০১৬

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলায় বখাটেদের দ্বারা ১৩ বছরের সংখ্যালঘু শিশু গণধর্ষণের ঘটনায় তীব্র নিন্দা, গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে আইনগত ব্যবস্থাগ্রহণ এবং নির্যাতনের শিকার শিশু ও তার পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২২.০৩.২০১৬ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলার পশ্চিম সাচাইন গ্রামে বখাটেদের দ্বারা ১৩ বছরের সংখ্যালঘু শিশু গণধর্ষণের ঘটনা ঘটেছে। জানা যায়, নির্যাতনের শিকার শিশুর মা গত ১৯.০৩.১৬ তারিখ পাশ্ববর্তী জেলা ময়মনসিংহের নান্দাইলে তার অসুস্থ খালাকে দেখতে যায়। এই সুযোগে প্রতিবেশি মৃত নুর উদ্দিনের বখাটে ছেলে জাহাঙ্গীর তার একাধিক সহযোগীদের নিয়ে শিশুটির বাবাকে অস্ত্রের মুখে জিম্মি করে উক্ত শিশুকে গণধর্ষণ করে পালিয়ে যায়। উল্লেখ্য যে, বখাটেরা এলাকায় প্রভাবশালী হওয়ায় নির্যাতনের শিকার শিশুটির পরিবারকে মামলা না করার জন্য হুমকি দেওয়ায় নির্যাতনের শিকার পরিবার বর্তমানে নিরাপত্তাহীনতায় ভুগছে।

বাংলাদেশ মহিলা পরিষদ কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলায় বখাটেদের দ্বারা ১৩ বছরের সংখ্যালঘু শিশু গণধর্ষণের ঘটনায় তীব্র নিন্দা, গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের বিরুদ্ধে যথাযথ শাস্তির লক্ষ্যে আইনগত ব্যবস্থাগ্রহণ এবং নির্যাতনের শিকার শিশু ও তার পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধ জানাচ্ছে। সেই সাথে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে ব্যাপক জনসচেতনতা তৈরির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ